তিনি বাইতুল্লাহকে নিজের বামে রেখে এবং মিনাকে ডানে রেখে বললেন, এটিই ঐ সত্ত্বার দাঁড়ানোর স্থান, যার উপর সূরা বাকারাহ নাযিল হয়েছে।

‘আবদুর রাহমান ইবন ইয়াযীদ আন-নাখ‘ঈ থেকে বর্ণিত, তিনি ইবন মাস‘ঊদ রাদিয়াল্লাহু আনহুর সঙ্গে হজ আদায় করলেন। তিনি তাকে দেখলেন বাইতুল্লাহকে নিজের বামে রেখে এবং মিনাকে
ডানে রেখে বড় জামরাকে সাতটি কঙ্কর নিক্ষেপ করলেন। এরপর বললেন, এটিই ঐ সত্ত্বার দাঁড়ানোর স্থান, যার উপর সূরা বাকারাহ নাযিল হয়েছে। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

কুরবানীর দিন ও তাশরীকের দিনসমূহে পাথর নিক্ষেপ করা একটি মহান ইবাদাত; তাতে রয়েছে আল্লাহর জন্য বিনয় হওয়া, তার আদেশ পালন করা এবং ইবরাহীম আলাইহিস সালামের অনুকরণ করা। কুরবানীর দিন হাজীগণ যে আমলটি প্রথম করে সেটি হচ্ছে বড় জামরায় পাথর মারা, যেন এটিই সকল আমলের ভূমিকাস্বরূপ হয়। সুতরাং জামরায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দাঁড়ানোর স্থানে দাঁড়াবে। পবিত্র কা‘বাকে ডানে এবং মিনাকে বামে রেখে কিবলামুখী হয়ে দাঁড়িয়ে সাতটি কঙ্কর নিক্ষেপ করবে। আর প্রতিটি কঙ্কর নিক্ষেপের সাথে তাকবীর বলবে। যেমন, এভাবেই দাঁড়িয়েছিল ইবন মাসউদ রাদিয়াল্লাহু ‘আনহু। আর তিনি শপথ করে বলেন যে, এটিই ছিল সে মহান ব্যক্তির দাঁড়ানোর স্থান, যার উপর সূরা বাকারাহ অবতীর্ণ হয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4448